This Question Paper consists of 30 questions and 8 printed pages.
এই প্রশ্নপত্রটিতে 30টি প্রশ্ন এবং 8টি মুদ্রিত পৃষ্ঠা আছে।

**Code No.** **65/S/A/B**
কোড নং

Roll No.
রোল নং

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | |

**Set / সেট** **A**

# BENGALI

# বাংলা

# (203)

Day and Date of Examination ..........................................................................
(পরীক্ষার দিন ও তারিখ)

Signature of Invigilators 1. ..........................................................................
(তত্ত্বাবধানকারীদের স্বাক্ষর)

2. ..........................................................................

---

*সাধারণ নির্দেশাবলী ঃ*

1. পরীক্ষার্থীরা প্রশ্নপত্রের প্রথম পৃষ্ঠায় অবশ্যই তাঁদের রোল নং লিখবেন।

2. প্রশ্ন-পুস্তিকার প্রথম পৃষ্ঠার উপরে ছাপা প্রশ্ন সংখ্যা ও প্রশ্নপত্রের পৃষ্ঠার সংখ্যার সঙ্গে আপনার প্রশ্নপত্রের সংখ্যা মিলিয়ে নিন। প্রশ্নাবলী পরপর আছে কিনা তাও মিলিয়ে নিন।

3. বিষয়মূলক (Objective Type) প্রশ্নগুলির উত্তর দেওয়ার জন্য (A), (B), (C) এবং (D)-এর যে কোনো একটি সঠিক বিকল্পকে বেছে নিয়ে আপনাকে দেওয়া পৃথক উত্তর-পুস্তিকায় সেটি নির্দেশ করুন।

4. সবগুলি প্রশ্নের উত্তর নির্ধারিত সময়ের মধ্যেই দিতে হবে।

5. নির্দিষ্ট স্থান ছাড়া অন্য স্থানে পরিচয়জ্ঞাপক চিহ্ন দিলে অথবা রোল নম্বর লিখলে পরীক্ষার্থী অযোগ্য বিবেচিত হতে পারেন।

6. উত্তর-পুস্তিকায় প্রশ্ন-পুস্তিকার Code No. 65/S/A/B সেট A লিখুন।

# BENGALI

## বাংলা

## (203)

সময় ঃ 3 ঘণ্টা ] [ পূর্ণমান ঃ 100

**নির্দেশ ঃ** (i) সমস্ত প্রশ্ন বাধ্যতামূলক। প্রতিটি প্রশ্নের সঙ্গে নম্বর দেওয়া আছে।

(ii) প্রশ্ন সংখ্যা 1–20 বিকল্প সমন্বিত প্রশ্ন, প্রতিটি প্রশ্নের সঙ্গে 4 টি সম্ভাব্য উত্তর দেওয়া আছে, সঠিক উত্তরটি বেছে লিখতে হবে। প্রতিটি প্রশ্নের মান 1 (one)।

**1.** ঢুলিরা উন্মাদের মত কী বাজাচ্ছিল? 1

(A) ঢাক (B) ঢোল

(C) খোল (D) কাঁসর

**2.** ''তাদের নাকের কাছে ধরে দিও''—নাকের কাছে কিসের গন্ধ ধরে দিতে বলেছে? 1

(A) ফলের গন্ধ (B) ফুলের গন্ধ

(C) পচা ফলের গন্ধ (D) পচা ফুলের গন্ধ

**3.** 'দুলিতেছে তরী'—ফুলছে কে? 1

(A) জল (B) বাতাস

(C) পাল (D) মেঘ

**4.** 'কাণ্ডারী হুঁশিয়ার' কবিতাটি কার লেখা? 1

(A) রবীন্দ্রনাথ ঠাকুর (B) মহাশ্বেতা দেবী

(C) শক্তি চট্টোপাধ্যায় (D) কাজী নজরুল ইসলাম

**5.** কুরির কন্যা ছিলেন

(A) আইরিন (B) জোলিও

(C) ইভ (D) মোহিনী 1

**6.** 'জন্মিলে মরিতে হবে'—এই কথাটি বলেছিলেন

(A) ঈশ্বর গুপ্ত (B) মধুসূদন দত্ত

(C) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (D) ডি. এল. রায় 1

**7.** যারা তাঁর হাতের কাজের তারিফ করতো

(A) তারা দামি মাল এমনি দিতেন না (B) তারা দামি মাল এমনি দিতেন

(C) তারা দামি মাল লুকিয়ে রাখতেন (D) কোনোটি নয় 1

**8.** বৃদ্ধ মাধব শিরোমণি যাচ্ছিলেন

(A) শিষ্যবাড়ি (B) বন্ধুবাড়ি

(C) আত্মীয় বাড়ি (D) গুরুবাড়ি 1

**9.** 'চারিদিকে চেয়ে দেখি'—চেয়ে কী দেখার কথা বলেছে? 1

(A) পাহাড়ের স্তূপ (B) পল্লবের স্তূপ

(C) হিজলের স্তূপ (D) জাম-বটের স্তূপ

**10.** বরকে আপনি কী বলবেন? 1

(A) বরকান্দাজ (B) বরকোন্দজ

(C) বরন্দাজ (D) বরকন্দাজ

**11.** চোট্টি একটি _____ নামও বটে।

(A) সমুদ্রের (B) নদীর

(C) খালের (D) নালার 1

**12.** মহাপঞ্চকদাদাকে ওখানকার ছাত্ররা পূজো করে, কারণ

(A) তিনি খুব ভালো লোক

(B) তিনি খুব খারাপ লোক

(C) তিনি শোনপাংশুদের মতো

(D) তিনি সকলের চেয়ে বেশি করে পুঁথির খবর রাখেন 1

**13.** ''কিছু ব্রহ্মোত্তর ও অন্য জমাজমি আছে''—কার কথা বলা হয়েছে?

(A) সৈয়দ আলফাজের
(B) রবীন্দ্রনাথের
(C) শ্রী রায়ের
(D) মোসাহেবের 1

**14.** 'ভারতীয় সংস্কৃতির ধারা' প্রবন্ধে মুসলিম রাষ্ট্রে কোন্ ভাষা প্রাধান্য পায়?

(A) সংস্কৃত
(B) আরবী
(C) ফারসী
(D) ইংরেজী 1

**15.** ''মানুষ বড়ো কাঁদছে, তুমি মানুষ হয়ে পাশে দাঁড়াও,''
কোন্ স্তবকের, কোন্ পঙ্‌ক্তি হিসাবে ব্যবহার করা হয়েছে? 1

(A) প্রথম স্তবকের প্রথম পঙ্‌ক্তি
(B) প্রথম স্তবকের তৃতীয় পঙ্‌ক্তি
(C) দ্বিতীয় স্তবকের প্রথম পঙ্‌ক্তি
(D) দ্বিতীয় স্তবকের তৃতীয় পঙ্‌ক্তি

**16.** 'তারপর হব ইতিহাস॥'—কোন্ কবিতার অংশ? 1

(A) ছাড়পত্র
(B) দাঁড়াও
(C) ওরা কাজ করে
(D) জন্মভূমি আজ

**17.** 'জ্যোৎস্নায়' কী নেই? 1

(A) বাঁধ
(B) বাধা
(C) আলো
(D) অন্ধকার

**18.** ''ভোরে উঠে পালিয়ে গিয়েছিল''—কে পালিয়ে গিয়েছিল?

(A) লালুর বাবা
(B) চাটুজ্জে
(C) বাঁড়ুজ্জে
(D) লালু 1

**19.** 'কাণ্ডারী হুঁশিয়ার' কবিতায় 'পশ্চাৎ-পথ' যাত্রীদের কী দূর করতে হবে? 1

(A) সাহস
(B) অহংকার
(C) সংশয়
(D) ঘৃণা

**20.** 'বঙ্গভূমির প্রতি' কবিতায় কবি 'তামরস' শব্দ ব্যবহার করেছেন। 'তামরস' শব্দের অর্থ কী? 1

(A) গোলাপ ফুল

(B) জুঁই ফুল

(C) পদ্ম ফুল

(D) টগর ফুল

**21.** 21(ক)–21(চ) প্রশ্নগুলির উত্তর *10–12* টি শব্দে লিখুন :

(ক) 'শুধু ভাঙা নয়' কবিতায় কবি ভাঙার মধ্যে কী দেখতে পাচ্ছেন? 1

(খ) 'কাণ্ডারী হুঁশিয়ার' কবিতায় মাঝির পথ ভুলে যাওয়ার কারণ কী? 1

(গ) 'বঙ্গভূমির প্রতি' কবিতায় কবি অমরত্বের কথা কীভাবে বলেছেন? 1

(ঘ) পিয়েরকে যুদ্ধে টেনে নিয়ে গেল, কেন? 1

(ঙ) 'এলিৎ' সংস্কৃতি কাকে বলে? 1

(চ) 'রেকর্ড' গদ্যে লেখকের কৌতূহল হলো কেন? 1

**22.** 22(ক)–22(চ) প্রশ্নগুলির উত্তর অনধিক *30* টি শব্দে লিখুন :

(ক) ছাড়পত্র কে পেয়েছে? 2

(খ) ''মাটির পৃথিবী-পানে আঁখি মেলি যবে
দেখি''—সেখানে কী দেখতে পান তিনি? 2

(গ) ''শ্যামার নরম গান শুনেছিল—একদিন অমরায় গিয়ে''—অমরায় যাওয়ার কারণ কী ছিল? 2

(ঘ) ''হে আমার তরুণ বন্ধুগণ,''—তরুণ বন্ধুদের প্রতি লেখকের আহ্বান কী, ব্যক্ত করুন। 2

(ঙ) 'ভারতীয় সংস্কৃতির ধারা' প্রবন্ধে কেন মুসলিম শাসনকে 'বৈপ্লবিক' বলেছেন? 2

(চ) লেখকের মতে 'মূর্তিমান বিঘ্ন' বলতে কী বোঝানো হয়েছে? 2

**23.** 23(ক) ও 23(খ) প্রশ্ন দুটি অনধিক *40–42* টি শব্দে লিখুন :

(ক) ভারতীয় সংস্কৃতিকে মিশ্র সংস্কৃতি কেন বলা হয়েছে, সে সম্বন্ধে আলোচনা করুন। 3

(খ) 'দাঁড়াও' প্রবন্ধে কারা মানুষের পাশে দাঁড়ায়? 3

**24.** 'লালু' গল্পে লালুর আবেদন কী ছিল? (অনধিক *100* টি শব্দে লিখুন) 8

*অথবা*

তারাচাঁদ বিশ্বাস জলসত্র বসিয়েছিলেন কেন?

**25.** 'বাংলার মুখ আমি দেখিয়াছি' কবিতায় বাংলার যে নৈসর্গিক সৌন্দর্য কবি উপলব্ধি করেছেন তার পরিচয় দাও। (অনধিক *100* টি শব্দে লিখুন) 8

*অথবা*

'ওরা কাজ করে' কবিতায় কবি কাদের জয়যাত্রা অটুট থাকবে বলে মনে করেন?

**26.** ''তার সমস্ত জটা আষাঢ়ের নবীন মেঘের মধ্যে জড়িয়ে গিয়েছে।'' —কার জটার কথা বলা হয়েছে? কোন্ ঘটনার প্রেক্ষিতে বক্তা এরূপ উক্তি করেছে? 6

**27.** (ক) নিম্নলিখিত যে কোনো **চারটির** শব্দান্তর লিখুন : 1×4=4

(১) মধুর

(২) অলস

(৩) সময়

(৪) উৎকর্ষ

(৫) প্রসাদ

(খ) নিম্নলিখিত যে কোনো **চারটির** বিপরীত শব্দ লিখুন : 1×4=4

(১) মিলন

(২) বিরহ

(৩) দুরাত্মা

(৪) উর্বর

(৫) পণ্ডিত

(গ) নিম্নলিখিত যে কোনো **চারটির** সন্ধিবিচ্ছেদ করুন : 1×4=4

(১) নমস্কার

(২) অস্ত্রাগার

(৩) জগদীশ্বর

(৪) নাবিক

(৫) আশ্চর্য

(ঘ) সমাস কাকে বলে? সমাস কথার অর্থ কী? উপযুক্ত উদাহরণের সাহায্যে বুঝিয়ে দিন। 4

**28.** অনধিক *75* টি শব্দে ভাবসম্প্রসারণ করুন : 5

পুষ্পের মুকুল
নিয়ে আসে অরণ্যের
আশ্বাস বিপুল

*অথবা*

মেঘ দেখে কেউ করিস নে ভয়
আড়ালে তার সূর্য হাসে॥

**29.** বন্ধুর পিতার আকস্মিক অকাল মৃত্যুতে সান্ত্বনা জানিয়ে একখানি চিঠি লিখুন। 5

*অথবা*

পূজোর ছুটিতে বেড়াতে যেতে চান তা জানিয়ে মামাকে একখানি পত্র লিখুন।

**30.** যে কোনো **একটি** বিষয়কে অবলম্বন করে অনধিক *120* টি শব্দে প্রবন্ধ লিখুন : 8

(ক) তোমার জীবনের লক্ষ্য : (ভূমিকা—জীবনের বিভিন্ন লক্ষ্য—তোমার জীবনের লক্ষ্য—লক্ষ্য পূরণে তুমি কী করবে—উপসংহার)

(খ) একজন বাঙালী বিজ্ঞানী : (ভূমিকা—শৈশব ও প্রতিভার বিকাশ—আবিষ্কার ও স্বীকৃতি—উপসংহার)

(গ) রক্তদান–জীবনদান : (ভূমিকা—রক্তগ্রহণ ও সংরক্ষণ—রক্তদানের প্রয়োজনীয়তা—রক্তদান শিবির—উপসংহার)

(ঘ) বাংলার ঋতুবৈচিত্র্য : (ভূমিকা—গ্রীষ্ম—বর্ষা—শরৎ—হেমন্ত—শীত—বসন্ত—উপসংহার)

★ ★ ★